

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ  
ডাক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.ptd.gov.bd

নম্বর: ১৪.০০.০০০০.০০৬.১১.০০১.১৭.১০

তারিখ: ২৭ পৌষ ১৪২৪

১০ জানুয়ারি ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ০৪-০৫-২০১৬ খ্রি: তারিখের ৮০.১০১.০৩৬.০০.০০.০১৯.২০১৫-১৫১ নং পত্রের সুপারিশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন এবং প্রার্থীর পিতার মুক্তিযোদ্ধা সাময়িক সনদপত্র যাচাইপূর্বক ডাক অধিদপ্তরের “হিসাব রক্ষণ কর্মকর্তা” পদে নিম্নবর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৯, টাকা ২২০০০-৫৩,০৬০/- বেতনক্রমে ২নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হল:

ক্রমিক নং	প্রার্থীর নাম, রেজিঃ নং, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১	জনাব শিহাবুল ইসলাম রেজিঃ নম্বর-০৬০২১৪ পিতা- মো: মুজিবর রহমান মাতা- রিজিয়া বেগম	সাং- চাপুলিয়া ডাকঘর- পানাইল থানা- আলফাডাঙ্গা জেলা- ফরিদপুর।	১৫৩/বি বড় মগবাজার (ডাক্তার গলি) শান্তিনগর, রমনা, ঢাকা।

০২। শর্তাবলীঃ

ক) তাঁকে ০২ বছর শিক্ষানবিস হিসাবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

খ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অশীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

গ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সঙ্গে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

ঘ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী চাকরিতে যোগদানের সময় তাঁকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র জমা দিতে হবে;

ঙ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও ডাক অধিদপ্তরের প্রচলিত বিধি, আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে; এবং

চ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০৩। অনুচ্ছেদ-২ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে আগামী ০৮ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ / ২১ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ (ভবন নং-৭, ৫ম তলা) বাংলাদেশ সচিবালয়, ঢাকায় তাঁকে যোগদানের জন্য অনুরোধ করা হল।

০৪। উল্লেখ্য, নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে, তিনি এ চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। আরও উল্লেখ্য, ভবিষ্যতে প্রার্থীর পিতার মুক্তিযোদ্ধা সনদপত্রে কোনরূপ গড়মিল পরিলক্ষিত হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মুহাম্মদ আবদুল হান্নান  
উপসচিব

নম্বর: ১৪.০০.০০০০.০০৬.১১.০০১.১৭.১০/১(১৪)

তারিখ: ২৭ পৌষ ১৪২৪  
১০ জানুয়ারি ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৬) রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৭) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৮) মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৯) মন্ত্রীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) উপ পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (ডাক), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ✓ ১৩) প্রোগ্রামার, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪) জনাব শিহাবুল ইসলাম, পিতা-মো: মুজিবর রহমান, , মাতা-রিজিয়া বেগম,, গ্রাম-চাপুলিয়া, ডাকঘর- পানাইল, উপজেলা/থানা- আলফাডাংগা, জেলা-ফরিদপুর।

১০-১-২০১৮  
মুহাম্মদ আবদুল হান্নান  
উপসচিব